



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
এইচআরএম ইউনিট  
www.dshe.gov.bd  
ঢাকা



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৮৭

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৮

১৯ জুন ২০২১

বিষয়: মাঠ পর্যায়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক (চূড়ান্ত) প্রতিবেদন প্রেরণ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং ৯টি আঞ্চলিক পরিচালক ও উপপরিচালক-এর কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিত ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক (চূড়ান্ত) অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত ছক অনুযায়ী 'উপযুক্ত প্রমাণক' সহ আগামী ০৫/০৭/২০২১খ্রি. তারিখের মধ্যে [apa.dshe@gmail.com](mailto:apa.dshe@gmail.com) ঠিকানায় ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. ২০২০-২০২১ অর্থবছরে অত্র অধিদপ্তরাধীন এপিএ চুক্তির আওতাভুক্ত মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরসমূহকে চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে অনুরূপ পৃথক পত্র ও নির্দেশনা জারি করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩. "উপযুক্ত প্রমাণক" নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো -

ক) অগ্রগতি সংক্রান্ত সকল তথ্য যথাযথভাবে অনুমোদিত ও স্বাক্ষরিত হবে;

খ) প্রতিটি কার্যক্রমের সূচকের অগ্রগতির প্রমাণকের সাথে পৃথক পৃথক অগ্রায়নপত্র দিতে হবে। অগ্রায়নপত্রে অর্জনের সারসংক্ষেপসহ লক্ষ্যমাত্রা এবং অর্জনের বিবরণ থাকতে হবে।

গ) প্রতিটি কার্যক্রমের সূচকের অগ্রগতির অগ্রায়নপত্র ও প্রমাণকসমূহ একটি মাত্র পিডিএফ ফাইলে পর পর সংযুক্ত করে প্রেরণ করতে হবে। পিডিএফ-এ সকল পৃষ্ঠা সংযুক্ত করা সম্ভব না হলে কিংবা প্রমাণকের সাইজ বড় হলে প্রতিটি সূচকের তথ্য পৃথক পৃথক ফোল্ডারে প্রেরণ করা যেতে পারে।

ঘ) প্রমাণকের পিডিএফ ফাইল বা ফোল্ডারসমূহের শিরোনাম হবে সূচকের ক্রমিক নং অনুসারে (যেমন- ১.১.৩- এমপিও নিষ্পত্তি, ৩.১.২-শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, ..... ইত্যাদি)


ঙ) সকল তথ্য স্বাক্ষরসহ স্ক্যান করে সংযুক্ত করতে হবে। প্রাথমিকভাবে হার্ডকপি প্রদানের প্রয়োজন নেই, তবে হার্ডকপি প্রস্তুত রাখতে হবে।

চ) কোন অর্জনের 'উপযুক্ত প্রমাণক' দাখিল না করলে কার্যক্রমটি অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে এবং এসব কার্যক্রমের বিপরীতে কোন নম্বর দাবী করা যাবে না।

ছ) ১ম, ২য়, ৩য় ও চতুর্থ কোয়ার্টারের অগ্রগতি সংযুক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে।

জ) ‘দপ্তরের কৌশলগত উদ্দেশ্য’ এবং ‘আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য’ উভয় অংশের অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক প্রেরণ করতে হবে।

সংযুক্তি : অগ্রগতি প্রতিবেদন ছক



১৯-৬-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৮৭/১

তারিখ: ৫ আষাঢ়. ১৪২৮  
১৯ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) অফিস কপি, এইচআরএম ইউনিট



১৯-৬-২০২১

আশেকুল হক  
সহকারী পরিচালক-১